

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪১৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, এক রাকাত সালাত পড়া বৈধ নয়- তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الصَّلاةَ رَكْعَةٌ وَاحِدَةٌ غَيْرُ جَائِزِ

আরবী

2416 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: حَدَّثَنِي الْأَشْعَثُ بْنُ سُلَيْمٍ عَنِ الْأَسْوَدِ بْنِ هِلَالٍ عَنْ ثَعْلَبَةَ بْنِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: حَدَّثَنِي الْأَشْعَثُ بْنُ سُلَيْمٍ عَنِ الْأَسْوَدِ بْنِ هِلَالٍ عَنْ ثَعْلَبَةَ بْنِ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ قَالَ: أَيُّكُمْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى زَهْدَمٍ قَالَ: كُنَّا مَعَ سَعِيدِ بْنِ الْعَاصِ بِطَبَرِسْتَانَ فَقَالَ: أَيُّكُمْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْخَوْفَ ِ فَقَالَ حُذَيْفَةُ: أَنَا قَالَ: فَقَامَ حُذَيْفَةُ وَصَفَّ النَّاسَ خَلْفَهُ صَلَّى بِالَّذِينَ خَلْفَهُ رَكْعَةً ثُمَّ انْصَرَفَ هَوُّلَاءِ مَعَ شَعْرَفَ هَوُّلَاءِ مَعَ الْعَدوِ فَصَلَّى بِالَّذِينَ خَلْفَهُ رَكْعَةً ثُمَّ انْصَرَفَ هَوُّلَاءِ مَكَانَ هَوُّلَاءِ وَجَاءَ أُولَئِكَ فَصَلَّى بِهِمْ رَكْعَةً ولم يقضوا.

الراوي: تَعْلَبَة بْن زَهْدَمِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2416 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (3/ 44)، (صحيح أبى داود)) (1133).

বাংলা

২৪১৬. সা'লাবাহ বিন যাহদাম থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা তাবারিস্তানে সা'ঈদ বিন আসের নিকট ছিলাম। এসময় তিনি বলেন, "তোমাদের মাঝে এমন কে আছেন, যিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সালাতুল খাওফ (যুদ্ধ-ভীতিকালীন সালাত) আদায় করেছেন?" তখন হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি পড়েছি।"

রাবী বলেন, "অতঃপর হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর পিছনে লোকদের দুই কাতারে কাতারবন্দি করেন; এক কাতার তাঁর পিছনে আরেক কাতার শক্রর মুখোমুখি করেন। অতঃপর তাঁর পিছনে যারা ছিলেন, তাদের নিয়ে তিনি এক রাকা'আত সালাত আদায় করেন। তারা এরা তাদের (যারা শক্রর মুখোমুখি ছিলেন) জায়গায় চলে যান, আর তারা চলে আসেন। অতঃপর হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু তাদের নিয়ে এক রাকা'আত সালাত আদায় করেন।



আর তারা বাকী সালাত পূর্ণ করেননি।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৪৩; নাসাঈ: ৩/১৬৮; আবূ দাউদ: ১২৪৬; সুনান বাইহাকী: ৩/২৬১; হাকিম: ১/৩৩৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪২৪৯; মুসনাদ আহমাদ: ৫/৩৮৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬১-৪৬২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৩/৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সালাবা ইবন যাহদাম ইয়ারবু'ঈ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন